

হ্যালো। আমি []।

আমি আপনাকে জানাতে চাই যে মিশিগানে, আপনি বর্তমানে গৃহহীন অবস্থার মধ্যে থাকলেও, কোনো আইডি ছাড়াই, আপনি এখনো ভোট দিতে নিবন্ধন করতে পারেন, নির্বাচনে ভোট দিতে পারেন।

সব ভোটারের মতো, আপনাকেও অবশ্যই যুক্তরাষ্ট্রের নাগরিক হতে হবে এবং ভোটদানের জন্য নির্বাচনী দিনের মধ্যে আপনার বয়স কমপক্ষে ১৮ বছর বয়সী হতে হবে।

ভোট দিতে নিবন্ধন করা

যদি আপনার কোনো ঠিকানা না থাকে, তাহলে আপনি যে রাস্তার পাশে, আশ্রয়কেন্দ্রে, পার্কে, বা অন্য যে জায়গায় থাকেন, সেটিকে ভোটদানের জন্য আপনার ঠিকানা হিসেবে তালিকাভুক্ত করতে পারেন।

এছাড়াও ঠিকানাটি হতে পারে একটি স্থানীয় আশ্রয়কেন্দ্র, যোগাযোগ কেন্দ্র, পরামর্শ সংস্থা বা এমন কেউ যে আপনার পক্ষে মেইল গ্রহণ করতে পারে।

আপনি আপনার স্থানীয় কাউন্টি, সিটি বা টাউনশিপ ক্লার্কের অফিস বা যেকোনো স্টেট এজেন্সিতে গিয়ে নিবন্ধন করতে পারেন যা অক্ষম ব্যক্তিদের জন সহায়তা বা সেবা সরবরাহ করে।

যদি আপনার আইডি কার্ড বা ড্রাইভার লাইসেন্স থাকে, এবং কম্পিউটার বা মোবাইল ফোনে অ্যাক্সেস থাকে, তাহলে আপনি অনলাইনে ভোট দিতে Michigan.gov/Vote-এ নিবন্ধন করতে পারেন।

কিন্তু যদি এটি নির্বাচনের ১৪ দিনের মধ্যে হয়—২^{রা} আগস্ট প্রাথমিক নির্বাচনের ক্ষেত্রে ১৮^ই জুলাই—তাহলে নিবন্ধন করতে এবং আপনি মিশিগানে বাস করেন সেটি প্রমাণ

করতে আপনাকে অবশ্যই আপনার সিটি বা টাউনশিপ ক্লার্কের অফিসে যেতে হবে।
আপনি নির্বাচনের দিন রাত ৮টা পর্যন্ত সেখানে নিবন্ধন করে ভোট দিতে পারবেন।

নির্বাচনের ১৪ দিনের মধ্যে, আপনার সাথে যোগাযোগ রয়েছে এমন কোনো
আশ্রয়কেন্দ্র, চার্চ, বা জন সহায়তা সংস্থা থেকে আপনাকে একটি চিঠি আনতে হবে যা
আপনার নাম এবং আপনি যে মিশিগান থাকেন এটি নিশ্চিত করে।

অথবা যদি আপনার স্টেট আইডি বা ড্রাইভারের লাইসেন্স থাকে, তাহলে আপনি
সেটি বসবাসের প্রমাণ হিসেবে আনতে পারেন।

ভোটদানের বিকল্পসমূহ

আপনি ভোট দিতে নিবন্ধন করার পর, নির্বাচনের দিন আপনার ভোট কেন্দ্রে স্বশরীরে
উপস্থিত হয়ে ভোট দিতে পারেন।

নির্বাচনের ৪০ দিন আগে থেকে শুরু হওয়া, ২৩ শে জুন থেকে, আপনি আপনার শহর
বা টাউনশিপ ক্লার্কের অফিসে গিয়ে আগাম ভোট দিতে পারেন।

অথবা আপনি আপনার ক্লার্কের কাছে একটি অনুপস্থিতের ভোটার ব্যালটের আবেদন
করতে পারেন। তারা আপনাকে একটি আবেদন পূরণ এবং স্বাক্ষর করতে দিবেন।

যদি আপনার স্টেট আইডি বা লাইসেন্স এবং ইন্টারনেট অ্যাক্সেস থাকে, তাহলে
আপনি Michigan.gov/Vote-এ গিয়ে অনলাইনে অনুপস্থিত ব্যালটের জন্য
আবেদন করতে পারেন।

আপনার ক্লার্ক আপনার নির্ধারিত ঠিকানায় একটি অনুপস্থিতের ব্যালট পাঠাবেন বা
এটি আপনাকে স্বশরীরে প্রদান করবেন। আপনি যখন তৈরি থাকবেন তখন এটি
সম্পূর্ণ করতে পারেন, এরপর খামে স্বাক্ষর করে ফেরত পাঠাতে পারেন।

এটি ফেরত দিতে, আপনার ক্লার্কের কোনো ড্রপ বক্স থাকলে তাতে ফেলতে পারেন, তাদের অফিসে গিয়ে দিয়ে আসতে পারেন বা ফিরতি মেইলে পাঠাতে পারেন।

যদি আপনি এটি মেইল করতে চান, তাহলে যত তাড়াতাড়ি সম্ভব এটি মেইলে পাঠাতে ভুলবেন না এবং অবশ্যই নির্বাচনী দিনের আগের দুই সপ্তাহের পর নয়।

নিরাপদে ভোটদান

যেভাবেই ভোট দেন না কেন, আপনি সেটি নিরাপদে দিতে পারবেন।

ভোট কেন্দ্র এবং ক্লার্কের অফিসগুলো সামাজিক দূরত্ব এবং স্বাস্থ্যবিধি মেনে চলে। এবং, অবশ্যই, ড্রপ বক্স বা মেইলের মাধ্যমে ভোটদানও খুবই নিরাপদ।

স্বশরীরে উপস্থিত হয়ে ভোটদানের ক্ষেত্রে, আমরা ভোটারদের ভোটকেন্দ্রে মাস্ক পরার জন্য জোরালো পরামর্শ দেই।

ভোটার আইডি

আপনি ভোট কেন্দ্রে গেলে, আপনার কাছে ছবির সনাক্তকরণ চাওয়া হবে। আপনার ছবিসহ আইডি না থাকলেও, আপনি ভোট দিতে পারেন।

আপনাকে কেবল একটি সংক্ষিপ্ত বিবৃতিতে স্বাক্ষর করতে হবে যে আপনার কোনো ছবিসহ আইডি নেই। আপনার ব্যালট অন্যদের ব্যালটের সাথেই রাখা হবে।

শেষ কথা

আমি আপনাকে আরো কয়েকটি গুরুত্বপূর্ণ তথ্য জানাতে চাই।

যদি আপনাকে কেউ বলে যে আপনি ভোট দিতে নিবন্ধন করতে পারবেন না বা ভোট দিতে পারবেন না, তাহলে আপনি এ ব্যাপারে রিপোর্ট করতে ACLU বা আমার অফিসে যোগাযোগ করতে পারেন।

ডিপার্টমেন্ট অফ স্টেটের নম্বর হলো 888-SOS-MICH.

আপনি হয়তো ভাবছেন, আমি এই নির্বাচনে বা যেকোনো নির্বাচনে, কেন ভোট দিব, এর উত্তর হলো:

ভোটদান আমাদের প্রত্যেককে ক্ষমতায়িত করে। এটি আমাদের সিদ্ধান্ত নিতে সাহায্য করার সুযোগ দেয় যা আমাদের কমিউনিটি, স্টেট ও জাতির উন্নতি ঘটাতে পারে।

কিছু নির্বাচন একটি ভোটের মাধ্যমে নির্ধারিত হয়, তবে যখন আমরা ভোটারদের দল হিসেবে একত্রিত হই তখন আমরা জনগণ একে অপরকে সুন্দর একটি ভবিষ্যতের দিকে নিয়ে যেতে পারি।